উপজেলা পরিষদ
জাজিরা, শরীয়তপুর।
http://zajira.shariatpur.gov.bd/

স্মারক নং-০৫.৩০.৮৬৯৪.০০০.১৪.০০২.২২- ৭১ তারিখঃ ১০/০২/২০২২ খ্রিঃ

## মাসিক সাধারন সভার নোটিশ

আগামী ১৭ ফেব্রুয়ারী, ২০২২ খ্রিঃ সকাল ১১.০০ টায় জাজিরা উপজেলা পরিষদ সভাকক্ষে ৫ম উপজেলা পরিষদের ৩৫ তম মাসিক সাধারন সভা অনুষ্ঠিত হবে।

উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলা পরিষদে ন্যস্ত সরকারী বিভাগের প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

কার্যবিবরণী প্রস্তুত ও আলোচনার সুবিধার্থে সকল দপ্তরের প্রধানগণকে তাদের স্ব স্ব দপ্তরের কার্যপত্র আগামী ১৫/০২/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচীঃ**

০১। গত সভার কার্যবিবরণী অনুমোদন;
০২। গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা;
০৩। স্ব স্ব দপ্তরের কার্যপত্রের উপর আলোচনা; এবং
০৪। বিবিধ।

১০।২।২২
(রাফে মোহাম্মদ ছড়া)
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার (ভা:প্রা:)
জাজিরা, শরীয়তপুর।

জনাব,

.............................................................
.............................................................

স্মারক নং-০৫.৩০.৮৬৯৪.০০০.১৪.০০২.২২-৭১ (৪০) তারিখঃ ১০/০২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-১, শরীয়তপুর।
০২। জেলা প্রশাসক, শরীয়তপুর।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জাজিরা, শরীয়তপুর।
০৪। জনাব.................................................................।
০৫। অফিস কপি।

১০।২।২২
(রাফে মোহাম্মদ ছড়া)
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার (ভা:প্রা:)
জাজিরা, শরীয়তপুর।

উপজেলা পরিষদ

জাজিরা, শরীয়তপুর।

## ফেব্রুয়ারী/২০২২ মাসে ৫ম জাজিরা উপজেলা পরিষদের ৩৫ তম মাসিক সাধারন সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জাজিরা, শরীয়তপুর |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, জাজিরা, শরীয়তপুর। |
| তারিখ | : | ২৪/০২/২০২২ খ্রিঃ, সময়ঃ বেলা-১১.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক" এবং উপস্থিত উপজেলার সরকারী বিভাগের প্রধানদের তালিকা পরিশিষ্ট "খ" তে উল্লেখ করা হলো।

সভাপতি ৫ম জাজিরা উপজেলা পরিষদের ৩৫তম মাসিক সাধারন সভায় উপস্থিত সকল সদস্যের পক্ষ হতে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি করোনা ভাইরাস মহামারী রোধকল্পে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি যথাযথভাবে পালনের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জাজিরা উপজেলায় নবযোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার জনাব মো: কামরুল হাসান সোহেল অত্র সভার সকল সদস্যবৃন্দের পক্ষ হতে ফুলের শুভেচ্ছা জানান এবং জাজিরা উপজেলা তার কর্মসময়ে সর্বাত্তক সহায়তা প্রদানের প্রত্যয় ব্যক্ত করেন। নবযোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার জনাব মো: কামরুল হাসান সোহেল বলেন যে, জাজিরা উপজেলার পরিষদ মাসিক সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দের ভালোবাসায় তিনি মুগ্ধ। তিনি তার উপর অর্পিত দায়িত্ব পালনে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং উপজেলা পরিষদ ও প্রশাসনের পক্ষ হতে সর্বোচ্চ সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি সকল সদস্যকে উপজেলা পরিষদ আইন ও বিধিমালা অনুসরণপূর্বক দাপ্তরিক কাজ সম্পাদনের অনুরোধ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে তিনি গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী, সংযোজন, বিয়োজন আছে কিনা জানতে চান। উপস্থিত সদস্যগণ আর কোন সংশোধন, সংযোজন, বিয়োজন নেই মর্মে সভাকে অবহিত করায় কোন সংশোধনী ছাড়াই গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। সভায় বিভিন্ন দপ্তরের উপর নিম্নরূপ আলোচনা অনুষ্ঠিত হয়ঃ

০১। **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, জাজিরা উপজেলায় ফেব্রুয়ারী/২১ মাসে গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে, হাঁস-মুরগির টিকা প্রদান, কৃত্রিম প্রজনন করা, গরুর চিকিৎসা, ছাগলের চিকিৎসা, মুরগির চিকিৎসা, হাঁসের চিকিৎসা এবং অন্যান্য চিকিৎসা করা হয়েছে। এছাড়া অত্র দপ্তরের দাপ্তরিক কাজ যথারীতি চলমান রয়েছে।

**সিদ্ধান্তঃ** গবাদি পশুর খাবার ও স্বাস্থ্য সুরক্ষায় সজাগ দৃষ্টি রাখতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, জাজিরা, শরীয়তপুর।

০২। **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, জাজিরা সভায় জানান যে, জাজিরা উপজেলা বর্তমানে রবি মৌসুম অর্থাৎ পেয়াজ, ধনিয়া ও কালোজিরার আবাদ হচ্ছে। এছাড়াও ধানের আবাদ অনেক হচ্ছে। কৃষকদের ক্ষেতে পানি সরবরাহের জন্য সোলার সেচ প্রকল্প চলমান রয়েছে।

**সিদ্ধান্তঃ** বাংলাদেশের জন্য কৃষির গুরুত্ব সর্বাধিক বিধায় সংশিষ্ট দপ্তরের সকলকে সচেতনতার সাথে কৃষকদের সার্বক্ষনিক সহায়তা অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা কৃষি অফিসার, জাজিরা, শরীয়তপুর।

০৩। **উপজেলা মৎস্য বিভাগঃ** উপজেলা মৎস অফিসার সভায় বলেন যে, জাজিরা উপজেলায় জাটকা আহরণ প্রতিরোধ অভিযান নিয়োমিত পরিচালিত হচ্ছে। তিনি অত্র সভার সকল সদস্যবৃন্দের মাধ্যমে জেলেদের জাটকা আহরন প্রতিরোধে সহায়তা প্রদানের জন্য অনুরোধ করেন। সরকারের ০৪% প্রণোদনার অংশ হিসেবে বিভিন্ন ব্যাংক হতে মৎস চাষীরা ঋণ গ্রহন করেছেন।

**সিদ্ধান্ত-০১:** মৎস উৎপাদন ও চাষে উদ্বুদ্ধকরণ কার্যক্রম আরো গতিশীল করতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা মৎস্য অফিসার, জাজিরা, শরীয়তপুর।

০৪। **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জাজিরা সভায় বলেন যে, বাংলাদেশে করোনা ভাইরাসের ভ্যাকসিন বাংলাদেশে প্রদান চলমান রয়েছে। তিনি সরকারের নির্দেশনা মোতাবেক সকল নাগরিকদের করোনা ভ্যাকসিন গ্রহনের জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ** রোগীর ব্যপারে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জাজিরা, শরীয়তপুর।

০৫। **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারী/২১ মাসে স্থায়ী পদ্ধতি (মহিলা), গর্ভবতী মায়ের পরিচর্যা, গর্ভোত্তর পরিচর্যা, সাধারন রোগী (পুরুষ), সাধারন রোগী (মহিলা) এবং শিশু পরিচর্যা সেবা প্রদান করা হয়েছে।

**সিদ্ধান্তঃ** প্রজনন ও শিশু স্বাস্থ্য সেবার পরিধি আরো বৃদ্ধি করার পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং সেবার মান বৃদ্ধি করে রোগীকে উন্নত সেবা অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, জাজিরা, শরীয়তপুর।

০৬। **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জাজিরা সভাকে জানান যে, জাজিরা উপজেলার ভুক্তিসায়রর হাটে (কাজির হাটে) নতুন ভবনের অনুমোদন পাওয়া গেছে এবং টেন্ডার প্রক্রিয়া সমাপ্ত হয়েছে। উক্ত নতুন ভবন স্থলে পুরাতন জরাজীর্ন টিনের পান সেড টি অপসারন করা প্রয়োজন। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনা শেষে নবনির্মিত নতুন ভবনের জন্য নির্বাচিত স্থানে পুরাতন টিনসেড ভবনটি অপসারনের বিষয়ে অত্র সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহন করা হয় এবং বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা প্রকৌশলী, জাজিরা, শরীয়তপুর।

০৭। **উপজেলা ত্রান বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, জাজিরা উপজেলায় সরকারের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে ত্রাণ বিতরণ ও উন্নয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। টিআর ও কাবিখা প্রকল্পের কাজ চলমান রয়েছে।

**সিদ্ধান্তঃ** প্রকল্পের মান ভালো রাখার জন্য তদারকি আরো বৃদ্ধি করতে হবে।

**বাস্তবায়নেঃ** প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জাজিরা, শরীয়তপুর।

০৮। **উপজেলা শিক্ষা অফিসঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ডিজিটাল ফাইনান্সিয়াল সার্ভিস প্রভাইডার "নগদ" এর মাধ্যমে উপবৃত্তির টাকা বিতরণ করা হবে। এ লক্ষ্যে নগদ পোর্টালে শিক্ষার্থীদের নাম অন্তর্ভুক্ত করার জন্য জন্ম-নিবন্ধন সনদ প্রয়োজন। সকল ছাত্র-ছাত্রী যাতে জন্ম নিবন্ধন সনদ পেতে পারে সেই লক্ষ্যে তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহযোগীতা কামনা করেন। তিনি বলেন, প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের বেতনভাতা অনলাইনে EFT এর মাধ্যমে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বর্তমানে অনলাইনে EFT তে শিক্ষকদের তথ্য আপলোড চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

**সিদ্ধান্তঃ** বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত কাজ বিধি মোতাবেক এবং স্বচ্ছতার সাথে কার্যক্রম সমাপ্ত করতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসার, জাজিরা, শরীয়তপুর।

০৯। **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নির্দেশনা মোতাবেক দপ্তরের কাজ যথারীতি চলমান রয়েছে।

**সিদ্ধান্তঃ** সরকারী বিধি মোতাবেক শিক্ষার্থীদের সাথে যোগাযোগের মাধ্যমে শিক্ষা বিস্তার এগিয়ে রাখতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জাজিরা, শরীয়তপুর।

**১০। উপজেলা সমাজ সেবা অফিসঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় বলেন যে, জাজিরা উপজেলায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধি ভাতাভোগীর ভাতা নগদের মাধ্যমে প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

**সিদ্ধান্তঃ** সরকারী নীতিমালা অনুযায়ী সামাজিক নিরাপত্তা খাতের বিভিন্ন কর্মসূচী ও ভাতা প্রদান কার্যক্রম চলমান রাখতে হবে এবং সেবাপ্রার্থীগণ যেন কোন অবস্থাতেই হয়রানির শিকার না হন তা সর্বাগ্রে নিশ্চিত করতে হবে।
**বাস্তবায়নেঃ** উপজেলা সমাজ সেবা অফিসার, জাজিরা, শরীয়তপুর।

**১১। উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, ভিজিডি কর্মসূচীর মহিলা উপকারভোগী নির্বাচনসহ অন্যান্য কাজ ধারাবাহিক ভাবে চলমান রয়েছে।
**সিদ্ধান্তঃ** স্বচ্ছতার সাথে সকল কাজ সম্পন্ন করার জন্য নির্দেশনাসহ অনুরোধ জানানো হয়।
**বাস্তবায়নেঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জাজিরা, শরীয়তপুর।

**১২। উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, জাজিরা উপজেলায় লক্ষমাত্রার প্রশিক্ষন প্রদানচলমান রয়েছে। লক্ষমাত্রার ৬০ জনকে আত্মকর্মে নিয়োজিত করার কাজ চলমান রয়েছে।
**সিদ্ধান্তঃ** সরকারের নির্দেশনা মোতাবেক ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জাজিরাকে অনুরোধ করার হয়।
**বাস্তবায়নেঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার, জাজিরা, শরীয়তপুর।

**১৩। উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, সমবায় অধিদপ্তরের নিয়মিত কার্যক্রম, সমবায় সমিতির অডিট, পরিদর্শন ও মনিটরিং যথারীতি চলমান রয়েছে। এ ক্ষেত্রে মাসিক যে লক্ষমাত্রা তা বজায় রাখা হচ্ছে। সমবায় অধিদপ্তরের রাজস্ব আদায় যেমন অডিট ফি, অডিট ফি এর উপর ভ্যাট এবং সমবায় উন্নয়ন তহবিলের আদায় শতভাগ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।
**সিদ্ধান্তঃ** দপ্তরের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
**বাস্তবায়নেঃ** উপজেলা সমবায় অফিস, জাজিরা, শরীয়তপুর।

**১৪। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, জাজিরা উপজেলায় ২০২০-২১ অর্থ বছরের সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় বরাদ্দ পাওয়া গেছে। বিধি মোতাবেক তালিকা প্রণয়নের জন্য তিনি সকলকে অনুরোধ। মুজিব বর্ষে প্রধানমন্ত্রীর আশ্রয়ন প্রকল্প-২ এ নিরাপদ পানি সরবরাহের প্রকল্প গ্রহণ করা হয়েছে।
**সিদ্ধান্তঃ** বিধি মোতাবেক গভীর নলকূপ স্থাপন করতে হবে ।
**বাস্তবায়নেঃ** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), জাজিরা, শরীয়তপুর।

**১৫। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, জাজিরা সভায় জানান যে, বিআরডিবির আওতাধীন ঋণ বিতরণ ও ঋণ আদায়ের কাজ যথারীতি চলছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

**সিদ্ধান্তঃ** সরকারের নির্দেশনা মেনে ঋণ আদায় ১০০% নিশ্চিত করতে হবে।
**বাস্তবায়নেঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জাজিরা, শরীয়তপুর।

**১৬। খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জাজিরা বলেন যে, জাজিরা উপজেলা খাদ্য গুদামে বর্তমানে চাল সন্তোষজনক মজুদ রয়েছে । এছাড়া দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।
**সিদ্ধান্তঃ** জাজিরা উপজেলায় বরাদ্দকৃত খাদ্য মজুদ নিশ্চিত করতে হবে। খাদ্য বান্ধব কর্মসূচীর কাজে আরো নজরদারি বাড়াতে হবে।
**বাস্তবায়নেঃ** উপজেলা খাদ্য কর্মকর্তা, জাজিরা, শরীয়তপুর।

**১৭। বন বিভাগঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় বলেন, জাজিরা উপজেলা পরিষদের জমাকৃত গাছসমূহের নিলামের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
**সিদ্ধান্তঃ** বাস্তবতার নিরিখে বিধি মোতাবেক সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন উপস্থাপনের জন্য উপজেলা ফরেস্টারকে অনুরোধ করা হয়।
**বাস্তবায়নেঃ** উপজেলা বন কর্মকর্তা, জাজিরা, শরীয়তপুর।
**১৮। তথ্য ও প্রযুক্তি বিভাগঃ** উপজেলা সহকারী প্রোগ্রামার, জাজিরা বলেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জাজিরা এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।
**সিদ্ধান্তঃ** ওয়েব পোর্টালে কর্মকর্তা-কর্মচারীর প্রোফাইল হালনাগাদ করবেনসহ অন্যান্য কাজ হালনাগাতকরণ ও দ্রুত শেষ করার অনুরোধ জানানো হয়।
**বাস্তবায়নেঃ** উপজেলা সহকারী প্রোগ্রামার, জাজিরা, শরীয়তপুর।

**১৯। পল্লী সঞ্চয় ব্যাংকঃ** উপজেলা সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, জাজিরা বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। খেলাপি ঋণ আদায়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের স্বাক্ষরে লাল নোটিশ প্রদান করা হয়েছে।
**সিদ্ধান্তঃ** ঋণ বিতরণ ও আদায়ে গতিশীল হতে হবে।
**বাস্তবায়নেঃ** সমন্বয়কারী, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, জাজিরা, শরীয়তপুর।

**২০। উপজেলা তথ্যকেন্দ্রঃ** উপজেলা তথ্য কর্মকর্তা, জাজিরা বলেন, উপজেলা তথ্যকেন্দ্র থেকে গ্রামীন অসহায় মহিলাদের বিভিন্ন বিষয়ে তথ্য ও প্রয়োজনীয় বিষয়ে পরামর্শ দিয়ে সাহায্য করা হয়েছে। এছাড়া উঠান বৈঠকের মাধ্যমে মহিলাকে সচেতন করার কাজ করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।
**সিদ্ধান্তঃ** তথ্য প্রদান কার্যক্রম আরো গতিশীল করতে হবে।
**বাস্তবায়নেঃ** উপজেলা তথ্য কর্মকর্তা, জাজিরা, শরীয়তপুর।

**২১। উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন কর্মকর্তা, জাজিরা বলেন, তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।
**সিদ্ধান্তঃ** নির্বাচন সুষ্ঠভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়।
**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাচন কর্মকর্তা, জাজিরা, শরীয়তপুর।

**২২। উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জাজিরা বলেন, তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।
**সিদ্ধান্তঃ** নির্বাচন সুষ্ঠভাবে পালনের লক্ষ্যে আনসার সদস্যগণকে পেশাদারিত্বের সর্বোত্তম কাজ করতে হবে।
**বাস্তবায়নেঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জাজিরা, শরীয়তপুর।

## ২৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলঃ

**২৩। আলোচনা-০১:** উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় বলেন, দৈনিক চুক্তির ভিত্তিতে নিয়োজিত কর্মচারী মালীর ফেব্রুয়ারী/২০২২ মাসের বেতন ভাতা প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে দৈনিক চুক্তিতে নিয়োজিত মালিকে সরকারী ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন সময়ে উপস্থিতির প্রেক্ষিতে মজুরী পরিশোধ করার বিষয়ে সভায় ঐকমত্য হয়।

**সিদ্ধান্তঃ** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগের বিধিমালা মোতাবেক দৈনিক চুক্তিতে নিয়োজিত মালিকে সরকারী ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন সময়ে উপস্থিতির প্রেক্ষিতে ফেব্রুয়ারী/২০২২ মাসের মুজুরী পরিশোধ করা হবে।

__২৩। আলোচনা-০২:__ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় বলেন যে, উপজেলা পরিষদের বিভিন্ন সভা ও অফিস আপ্যায়ন বাবদ ফেব্রুয়ারী/২০২২ মাসে =৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা ও অফিস স্টেশনারী (আনুসাংগিক) ব্যয় বাবদ =৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ভাউচার পাওয়া গেছে যা অনুমোদন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে যাচাই-বাছাই সাপেক্ষে স্থানীয় সরকার বিভাগের বিধিমালা ও নির্দেশনা মোতাবেক সরকারী নিয়ম অনুসরণ করে বিলগুলো পরিশোধের বিষয়ে সভায় ঐকমত্য হয়।

**সিদ্ধান্তঃ** যাচাই-বাছাই সাপেক্ষে স্থানীয় সরকার বিভাগের বিধিমালা ও নির্দেশনা মোতাবেক সরকারী নিয়ম অনুসরণ করে আপ্যায়ন ব্যয় বাবদ =৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা ও আনুসাংগিক ব্যয় বাবদ =৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বিলগুলো পরিশোধ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (আপ্যায়ন ও আনুসাঙ্গিক) হতে পরিষদের সিদ্ধান্ত গৃহীত হয়।

__২৩। আলোচনা-০৩:__ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় বলেন যে, জাজিরা উপজেলা পরিষদ কর্তৃক উপজেলা প্রকৌশলী, জাজিরা এর মাধ্যমে ২০২০-২০২১ আর্থিক বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনলাইন দরপত্র বিজ্ঞপ্তি আহবান করা হয়েছে। নিম্নোক্ত ছক-১ এ বর্নিত প্রকাশিত ১৩ টি বিজ্ঞপ্তির ভাউচারসহ বিল উপজেলা প্রকৌশলী, জাজিরা এর মাধ্যমে উপস্থাপিত হয়।

ছক-০১

| ক্র: নং | বিজ্ঞপ্তি নং | পত্রিকার নাম | বিলের পরিমান |
|---|---|---|---|
| ০১ | IFT/02/2020-21 | দৈনিক অবজারভার | ৯৩৬৭.০০ |
| ০২ | | বাংলাদেশ প্রতিদিন | ১৫৫২৫.০০ |
| ০৩ | IFT/03/2020-21 | আজকের বিজনেস বাংলাদেশ | ১২৪২০.০০ |
| ০৪ | | দি ফিনানশিয়াল এক্সপ্রেস | ৭৪৯৪.০০ |
| ০৫ | IFT/06/2020-21 | দৈনিক হুংকার | ১৯১৩৬.০০ |
| ০৬ | | দৈনিক স্টেট | ২১০৬৮.০০ |
| ০৭ | | বাংলাদেশের খবর | ৩১০৫০.০০ |
| ০৮ | IFT/07/2020-21 | দৈনিক ইন্ডাস্ট্রি | ১২৯৯৩.০০ |
| ০৯ | | ভোরের কাগজ | ৩৩১২০.০০ |
| ১০ | | ভোরের দর্পন | ২১৬৮৭.০০ |
| ১১ | IFT/08/2020-21 | দৈনিক হুংকার | ১৩২৪৮.০০ |
| ১২ | | দি বিজনেস স্টান্ডার্ড | ৭২৪৫.০০ |
| ১৩ | | দৈনিক আমার সময় | ১৭৪৮০.০০ |

**সিদ্ধান্তঃ** সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনা শেষে প্রকাশিত ১৩ টি দরপত্র বিজ্ঞপ্তির বিলসমূহ অদ্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনসহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিলগুলো পরিশোধে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

__২৩। আলোচনা-০৫:__ উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় বলেন যে, জাজিরা উপজেলায় নবযোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার এর সরকারী বাসাটি বসবাসের উপযোগী করার লক্ষ্যে উপজেলা পরিষদ চেয়ারম্যানের মৌখিক নির্দেশে উপজেলা প্রকৌশলী, জাজিরা একটি প্রাক্কলন প্রস্তুত করেন। তিনি প্রাক্কলনটি অদ্য সভায় উপস্থাপন করেন। উক্ত প্রক্কলনে প্রাক্কলিত ব্যয় =৩,০০,৫৮৩.০০ (তিনলক্ষ পাঁচশত আটাত্র) টাকার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনা শেষে জাজির উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাসভবন (পদ্মা) ভবন সংস্কারের জন্য প্রস্তাবিত প্রাক্কলিত =৩,০০,৫৮৩.০০ (তিনলক্ষ পাঁচশত আটাত্র) টাকা অদ্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোন করা হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে উপজেলা প্রকৌশলী, জাজিরাকে অনুরোধ জানানো হয়।

## ২৪। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলঃ

__(২৪) আলোচনা (০১):__ উপজেলা মহিলা ভাইসে চেয়ারম্যান, জাজিরা সভায় বলেন যে, জাজিরা উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থবছরের রাজস্ব হস্তান্তর বাবদ ১,০৯,৫১,২৫৬/-(এক কোটি নয় লক্ষ একান্ন হাজার দুই শত ছাপান্ন) টাকা এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ ১ম কিস্তি বাবদ ১৮,৯৫,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে কিন্তু ২য় কিস্তিতে ১৮,৯৫,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে যার সম্ভাব্য মোট বরাদ্দ ১৮,৯৫,০০০×৪=৭৫,৮০,০০০/- টাকা। সেই প্রেক্ষিতে সর্বমোট সম্ভাব্য =১,৮৫,৩১,২৫৬/- টাকা পাওয়া যাবে। উক্ত সর্বমোট বরাদ্দ হতে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল নির্দেশনা মোতাবেক ৩০% অর্থ প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে বাস্তবায়ন করার এবং অবশিষ্ট ৭০% অর্থ বাবদ টাকা এবং ২০২০-২১ অর্থবছরের ৫,০০,০০০/- টাকার ০১টি প্রকল্পের দরপত্র বাস্তবায়ন করা সম্ভব না হওয়া উক্ত বরাদ্দ ২০২১- অর্থবছরের সাথে সংযুক্ত করে টেন্ডার এর মাধ্যমে বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। তিনি আরো বলেন, ২০২১-২২ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির কর্তৃক নিম্নোক্ত ছক-০২ এ বর্নিত প্রকল্পসমূহ সুপারিশ করে প্রেরণ করা হয়েছে। তিনি উক্ত সুপারিশকৃত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

ছক-০২

| ক্র: নং | প্রকল্পের নাম | বরাদ্দ |
|---|---|---|
| ০১ | বড়গোপালপুর ০৫ নং ওয়ার্ডে আয়নাল শিকদারের বাড়ী হতে মিজান খার বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সলিংকরন। | ২৫০০০০.০০ |
| ০২ | বড়গোপালপুর ০৬ নং ওয়ার্ডে সামসু মাদবরের বাড়ীর মসজিদ হতে রুমি মাদবরের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সলিংকরণ। | ৩৫০০০০.০০ |
| ০৩ | বড়কান্দি চেরাগ আলী সরদারের কান্দি সুমন মাদবরের বাড়ীর পশ্চিম পার্শে বক্সকালভার্ট নির্মান। | ২০০০০০.০০ |
| ০৪ | বড়কান্দি নজুমদ্দিন বেপারীর কান্দি হাফিজ মোড়লের বাড়ীর পার্শে বক্সকালভার্ট নির্মান। | ২০০০০০.০০ |
| ০৫ | বড়কান্দি নজুমদ্দিন বেপারীর কান্দি স: প্রা: বিদ্যালয় মেরামত। | ১০০০০০.০০ |
| ০৬ | মুলনা কাউয়ালি সালমা সরদারের বাড়ী সংলগ্ন পাকা সড়ক হতে মোস্তফা বেপারীর বাড়ী পর্যন্ত ইটের সলিংকরণ। | ৫০০০০০.০০ |
| ০৭ | সেনেরচর ০৪ নং ওয়ার্ডে মনির মাদবরের বাড়ীর পাকা রাস্তা হতে আমির মাদবরের বাড়ী পর্যন্ত রাস্তা হেরিংবনকরণ। | ৬০০০০০.০০ |
| ০৮ | পূর্বনাওডোবা শুক্কুর হাওলাদার কান্দি দেলোয়ার মুন্সির বাড়ী হতে মিলন মোড়লের বাড়ী পর্যন্ত রাস্তা সলিংকরণ। | ৫০০০০০.০০ |
| ০৯ | কুন্ডেরচর আ: গনি মল্লিকের কান্দি ফয়জল মল্লিকের বাড়ী হতে কমিউনিটি ক্লিনিক পর্যন্ত ইটের সলিংকরণ। | ৩০০০০০.০০ |
| ১০ | কুন্ডেরচর সরদার কান্দি রিপন খার বাড়ীর পিছনে জাঙ্গায় কাঠের পুল নির্মান। | ২০০০০০.০০ |
| ১১ | বিকেনগর কদম আলী মাদবরের কান্দি কিয়ার বাজার হতে মোস্তফা মাদবরের বাড়ীর অভিমুখে ইটের সলিংকরণ। | ৫০০০০০.০০ |
| ১২ | বিলাশপুর মেহের আলী মাদবরের কান্দি মজ্জল মাদবরের বাড়ীর হতে রুবেল সরদারের বাড়ী পর্যন্ত হেরিংবনকরন। | ৫০০০০০.০০ |

| | | |
|---|---|---|
| ১৩ | বিলাশপুর বুধাই মাদবরের কান্দি আনোয়ার মাদবরের বাড়ীর সামনে বক্সকালভার্ট নির্মান। | ১০০০০০.০০ |
| ১৪ | জয়নগর ০৯ নং ওয়ার্ডে লক্ষিকান্তপুর জসিম আকনের বাড়ী হতে মাসুদ হাওলাদারের বাড়ী পর্যন্ত হেরিংবনকরণ। | ৫০০০০০.০০ |
| ১৫ | বিলাশপুর কুদ্দুস বেপারী উচ্চ বিদ্যালয় উন্নয়ন। | ১০০০০০.০০ |
| ১৬ | বিলাশপুর মতিউর রহমান উচ্চ বিদ্যালয় উন্নয়ন। | ১০০০০০.০০ |
| ১৭ | পালেরচর কদম আলী মৃধার কান্দি ফাতেমাতুজ্জোহরা (রা:) হাফিজিয়া আরাবিয়া মহিলা মাদ্রাসা উন্নয়ন। | ১০০০০০.০০ |
| ১৮ | মূলনা কাউয়াদি জামিয়া রশিদিয়া করিমিয়া আরাবিয়া মাদ্রাসা উন্নয়ন। | ১০০০০০.০০ |
| ১৯ | কুন্ডেরচর সরল খার কান্দি স: প্রা: বিদ্যালয় উন্নয়ন। | ১০০০০০.০০ |
| ২০ | জয়নগর মোল্লা কান্দি বাশার-নাজমিন নুরানী মাদ্রাসা উন্নয়ন। | ১০০০০০.০০ |
| ২১ | বড়কান্দি সারি মাহমুদ সিকদার কান্দি বাওড়ে কাঠের পুল নির্মান। | ২০০০০০.০০ |
| ২২ | জাজিরা উপজেলাধীন দুস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরন। | ৯০০০০০.০০ |
| ২৩ | সেনেরচর মানিকনগর শেখ হাসিনা উচ্চ বিদ্যালয় উন্নয়ন। | ১০০০০০.০০ |
| ২৪ | ডা: মোসলেম উদ্দিন খান ডিগ্রী কলেজ উন্নয়ন। | ২০০০০০.০০ |
| ২৫ | মূলনা লাউখোলা এ.এইচ.এস উচ্চ বিদ্যালয় উন্নয়ন। | ২০০০০০.০০ |
| ২৬ | সেনেরচর মানিকনগর সোবাহান মাদবরের বাড়ী হতে আ: হাই ফকিরের বাড়ী পর্যন্ত ইটের সলিংকরন। | ২০০০০০.০০ |
| ২৭ | জাজিরা শিল্পকলা একাডেমী উন্নয়ন। | ১০০০০০০.০০ |
| ২৮ | জাজিরা শেখ রাসেল শিশু পার্কের মাঠ সজ্জিতকরন। | ৫০০০০০.০০ |
| ২৯ | জাজিরা মোবারক আলী সিকদার বাজারের পূর্বপার্শ্বে ঢাকা-শরীয়তপুর মহাসড়কের অভিমুখে রাস্তা ভাঙ্গায় কালভার্ট নির্মান। | ৪০০০০০০.০০ |
| ৩০ | জাজিরা সরকারী কর্মচারী ক্লাব উন্নয়ন। | ৪০০০০০.০০ |
| ৩১ | বড়কান্দি মির্জা হযরত আলী উচ্চ বিদ্যালয় উন্নয়ন। | ৪০০০০০.০০ |
| ৩২ | বড়কান্দি চরমোল্লার কান্দি নজরুল মালের বাড়ী হতে কালভার্ট পর্যন্ত রাস্তা আরসিসিকরন। | ২০০০০০.০০ |
| মোট | | ১,৫৭,০০,০০০.০০ |

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল নির্দেশনা মোতাবেক টেন্ডার এর মাধ্যমে বাস্তবায়ন নিমিত্তে উপরোক্ত ছকে বর্ণিত প্রকল্প সমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গ্রহন করা হয়।
**বাস্তবায়নেঃ** উপজেলা উপজেলা প্রকৌশলী, জাজিরা, শরীয়তপুর।

**(২৪) আলোচনা (০২):** জনাব আ: জব্বার আকন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জাজিরা বলেন যে, জাজিরা পরিষদ ভবনের পানিতে অত্যাধিক লবন এবং পানির মটর টি নষ্ট হয়ে যাওয়ায় জরুরী ভিত্তিতে একটি সাবমারসিবল পাম্পসহ গভীর নলকূপ স্থাপনের জন্য তিনি সভাপতিকে অনুরোধ জানান এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা বরাদ্দ দেওয়ার জন্য প্রস্তাব করেন এবং বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলা পরিষদের সকল সদস্যগন বরাদ্দ প্রদান, অনুমোদন ও বাস্তবায়নের জন্য সর্বসম্মতভাবে একমত পোষন করেন।
**সিদ্ধান্তঃ** জাজিরা পরিষদ ভবনে সাবমারসিবল পাম্পসহ গভীর নলকূপ স্থাপনের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বরাদ্দ করার বিষয়ে সভায় জনস্বার্থে ও বাস্তবতার নিরীখে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহনসহ অনুমোদন করা হয় এবং নিম্নবর্নিত ব্যক্তিবর্গের সমন্বয় প্রকল্প কমিটি গঠন করা হয় এবং বিধি ও আইন মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।
**প্রকল্পের নামঃ** জাজিরা পরিষদ ভবনে সাবমারসিবল পাম্পসহ গভীর নলকূপ স্থাপন। অনুমোদিত বরাদ্দ ২,০০,০০০/-টাকা।

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটির পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জলিল কাজী | ইউপি সদস্য, মূলনা ইউপি | প্রকল্প সভাপতি |
| ০২ | জনাব মোসাঃ নাজমিন আক্তার | শিক্ষিকা | সেক্রেটারী |
| ০৩ | জনাব মোঃ ইদ্রিস কাজী | গন্যমান্য | সদস্য |
| ০৪ | জনাব মোঃ কামরুজ্জামান ইসলাম | ইমাম | সদস্য |
| ০৫ | জনাব রতন কাজী | সমাজসেবক | সদস্য |
| ০৬ | জনাব ইসমাইল মোল্লা | গন্যমান্য | সদস্য |
| ০৭ | জনাব আবদুল মোল্লা | সমাজসেবক | সদস্য |

## ২৫। উপজেলা পরিষদ হাট-বাজারঃ

**২৫। আলোচনা-০১:** উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় বলেন যে, বাংলা ১৪২৯ সনের জন্য জাজিরা উপজেলাধীন বিভিন্ন হাট/বাজার ইজারার দরপত্র প্রকাশিত হলে ১ম ধাপে জাজিরা উপজেলা পরিষদের আওতাধীন ১২ টি হাটের মধ্যে ০৮ টি হাটের দরপত্র পাওয়া গিয়েছে। উপজেলা পরিষদ হাট/বাজার ইজারা দরপত্র মূল্যায় কমিটির স্মারক নং-০৫.৩০.৮৬৯৪.০০০.০৫.০০২.২১-৭৫(১); তারিখ: ১৭.০২.২০২২ খ্রি: তারিখের মোতাবেক উক্ত ০৮ টি হাটের যাচাই-বাছাই শেষে নিম্নের ছকে বর্নিত ব্যক্তিবর্গের অনুকূলে হাট/বাজার ইজারা প্রদানের সুপারিশ করেছেন।

| ক্র: নং | হাটের নাম | দরপত্র দাখিলকারীর নাম/প্রতিষ্ঠানের নাম | কাঙ্খিত মূল্য | দাখিলকৃত মূল্য | দর দাখিলের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ডুবিসায়বর হাট | নাম-মোঃ সিরাজুল ইসলাম টেপা<br>পিতা- আবেদ আলী টেপা<br>গ্রাম-ডুবিসায়বর, ডাকঘর-ডুবিসায়বর<br>জাজিরা, শরীয়তপুর। | ৬৭,০৩,১৭৭/- | ১,৫১,০০,০০০/- | ১৭.০২.২০২২ | সর্বোচ্চ মূল্য |
| ০২ | লাউখোলা হাট | নাম-মোঃ শফিকুল ইসলাম<br>পিতা-মৃত জৈনদ্দিন সরদার<br>গ্রাম- কাউয়াদি, ডাকঘর- লাউখোলা<br>জাজিরা, শরীয়তপুর। | ১২,৬৮,৫৬৬/- | ২৯,২৮,০০০/- | ১৭.০২.২০২২ | সর্বোচ্চ মূল্য |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | পালেরচর হাট | নাম- মো: ইলিয়াছ মাদবর<br>পিতা- আ: রব মাদবর<br>গ্রাম-উত্তর বাইকসা, ডাকঘর-জাজিরা<br>জাজিরা, শরীয়তপুর। | ৩,৭৯,৮৩৩/- | ৩,৯৫,০০০/- | ১৭.০২.২০২২ | সর্বোচ্চ মূল্য |
| ০৪ | নাওডোবা হাট | নাম- মো: ইলিয়াছ মুন্সী<br>পিতা- মো: হোরহাব মুন্সী<br>গ্রাম- আক্কেল মাহমুদ মুন্সী কান্দি, ডাকঘর-জাজিরা<br>জাজিরা, শরীয়তপুর। | ৩,১৭,৭৫৩/- | ৩,৫১,০০০/- | ১৭.০২.২০২২ | সর্বোচ্চ মূল্য |
| ০৫ | ছাত্তার মাদবর হাট | নাম- আজেল মাদবর<br>পিতা-মৃত আঃ ছাত্তার মাদবর<br>গ্রাম-হাজী ওসিমদ্দিন মাদবরের কান্দি, ডাকঘর-বুপবাবুরহাট<br>জাজিরা, শরীয়তপুর। | ৩১,২৭০/- | ৪০,০০০/- | ১৭.০২.২০২২ | সর্বোচ্চ মূল্য |
| ০৬ | জয়নগর হাট | নাম- মো: ইলিয়াছ মুন্সী<br>পিতা- মো: হোরহাব মুন্সী<br>গ্রাম- আক্কেল মাহমুদ মুন্সী কান্দি, ডাকঘর-জাজিরা<br>জাজিরা, শরীয়তপুর। | ২৫,২৬৪/- | ৩৭,০০০/- | ১৭.০২.২০২২ | সর্বোচ্চ মূল্য |
| ০৭ | বিলাসপুর হাট | নাম ঃ আজুল চৌকিদার<br>পিতা- মৃত আদম আলী চৌকিদার<br>গ্রাম- আক্কেল মাহমুদ মুন্সী কান্দি, ডাকঘর-জাজিরা<br>জাজিরা, শরীয়তপুর। | ১৮,৭৩৩/- | ২৫,০০০/- | ১৭.০২.২০২২ | সর্বোচ্চ মূল্য |
| ০৮ | গঙ্গাপ্রসাদ হাট | নাম: কাজী মো: রুবেল<br>পিতা- কাজী আ: মান্নান<br>গ্রাম- কাজী কান্দি, পোঃ- জাজিরা<br>জাজিরা, শরীয়তপুর। | ৭,৩৮৫/- | ৩,৫০০/- | ১৭.০২.২০২২ | কাঙ্ক্ষিত মূল্যের চেয়ে কম |

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদ হাট/বাজার ইজারা দরপত্র মূল্যায় কমিটির সুপারিশকৃত উপরোক্ত ছকে বর্নিত ০৮ টি হাটের ০৭ টি (ক্রম ০১-০৭) হাটের সর্বোচ্চ মূল্য প্রদানকারীগনের অনুকূলে বাংলা ১৪২৯ সনের জন্য হাট ইজারা প্রদানের অদ্য সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং ০১ টি (ক্রম ০৮) হাটের কাঙ্ক্ষিত মূল্য না পাওয়া উক্ত হাটটি পুনরায় ইজারা প্রদানের সিদ্ধান্ত গ্রহন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, জাজিরা, শরীয়তপুর কে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: [illegible] আলী সিকদার)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জাজিরা, শরীয়তপুর।

স্মারক নং-০৫.৩০.৮৬৯৪.০০০.১৪.০০২.১৯- [illegible]৮৬(৪০)
তারিখঃ ২৪/০২/২০২২ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। জেলা প্রশাসক, শরীয়তপুর।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, জাজিরা পৌরসভা, জাজিরা, শরীয়তপুর।
০৩। উপজেলা ........................................... অফিসার, জাজিরা, শরীয়তপুর।
০৪। চেয়ারম্যান, ........................................... ইউনিয়ন পরিষদ, জাজিরা, শরীয়তপুর।
০৫। জনাব ........................................... জাজিরা, শরীয়তপুর।

২৪.০২.২০২২

(মো: কামরুল হাসান সোহেল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
জাজিরা, শরীয়তপুর।

D:\Office\Resolution\UPZ Monthly Resolution\2021-2022\08. February.22- Unicode.doc